গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় বেতন কমিশন ২০২৫
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

**শোক বার্তা**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার আন্দোলনের আপসহীন নেত্রীর মৃত্যুতে জাতীয় বেতন কমিশন ২০২৫ গভীরভাবে শোকাহত।

বেগম খালেদা জিয়া ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী। তিনি তিনবার বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন। জনগণের অধিকার প্রতিষ্ঠা, অর্থনৈতিক সংস্কার, অবকাঠামো উন্নয়ন, নারীর ক্ষমতায়নসহ সামগ্রিক উন্নয়নের মাধ্যমে তিনি বাংলাদেশকে বিশ্বমঞ্চে অনন্য উচ্চতায় আসীন করেছেন। তাঁর তিরোধান দেশ ও জাতির জন্য অপূরণীয় ক্ষতি। যথাযোগ্য মর্যাদায় শোক পালনার্থে সরকার কর্তৃক তিন দিনের রাষ্ট্রীয় শোক ও এক দিনের সরকারি ছুটি ঘোষিত হয়েছে। জাতীয় বেতন কমিশন ২০২৫ সরকার ও দেশবাসীর সাথে একাত্ম হয়ে গভীর শোক ও আন্তরিক সমবেদনা জ্ঞাপনসহ মরহুম নেত্রীর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

জাকির আহমেদ খান
সভাপতি
জাতীয় বেতন কমিশন ২০২৫
ও সাবেক অর্থ সচিব

CS CamScanner